বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

## বার্ড ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী, ২০২২-২০২৩খ্রি:

সভাপতিঃ ড. মোঃ মিজানুর রহমান
পরিচালক (গবেষণা) (চ: দা:)

স্থান ঃ পরিচালক (গবেষণা)-এর অফিস কক্ষ
তারিখ ঃ ১১/০৮/২০২২খ্রি :
সময় ঃ বিকাল ০৩:৩০ মিনিট

**উপস্থিত সদস্যবৃন্দঃ**

১। জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (পল্লী শিক্ষা), বার্ড।
২। ড. শেখ মাসুদুর রহমান, যুগ্ম পরিচালক (পল্লী শিক্ষা), বার্ড।
৩। কাজী সোনিয়া রহমান, উপ পরিচালক (প্রকল্প), বার্ড।
৪। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ পরিচালক (ব্যবসা ব্যবস্থাপনা), বার্ড।

সভার শুরুতে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

01। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বার্ডের করণীয় বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করা ও বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা।

০২। ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নের জন্য বিতরণকৃত নোটিশের প্রেক্ষিতে প্রাপ্ত সিটিজেন চার্টারভুক্ত ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়নযোগ্য সহজীকৃত সেবা ও উদ্ভাবনীয় ধারণা পর্যালোচনা করা ও গৃহীত সেবা ও উদ্ভাবনী ধারণা দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা।

০৩। ৪র্থ শিল্প বিপ্লবের কম্পোনেন্টসমূহ বিবেচনায় রেখে বার্ডের কাজের সাথে সঙ্গতিপূর্ণ এবং অনুষদ সদস্য ও কর্মকর্তাগণের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা।

০৪। মন্ত্রিপরিষদ বিভাগ কতৃক প্রদত্ত ছক অনুযায়ী ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ও ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়িত সেবার তথ্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা।

০৫ ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ও সেবার অগ্রগতি পরীবিক্ষণ করা ও প্রযোজ্য ক্ষেত্রে চালু রাখার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা।

০৬। সকল অনুষদ সদস্যদের অংশগ্রহণ, ইনোভেশনে টিওটি প্রশিক্ষণপ্রাপ্ত, উদ্ভাবনী কাজে অবদান ও ডিজিটাল প্লাটফর্মের কাজ সম্পর্কে অভিজ্ঞতা বিবেচনায় রেখে ০৭ সদস্য বিশিষ্ট বার্ড ইনোভেশন টিম পুনঃগঠনের জন্য মহাপরিচালক মহোদয়কে অনুরোধ জানিয়ে নথি প্রেরণ করা।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/০৮/২০২২
(মোঃ রিয়াজ মাহমুদ)
উপ পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা)
ও
সদস্য সচিব, ইনোভেশন কমিটি

১১/০৮/2022
(ড. মোঃ মিজানুর রহমান)
পরিচালক (গবেষণা) (চ: দা:)
এবং
ইনোভেশন অফিসার

বিতরণঃ

১। পরিচালক (প্রশাসন), বার্ড।
২। জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড।
৩। ড. শেখ মাসুদুর রহমান, যুগ্ম পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড।
৪। কাজী সোনিয়া রহমান, উপ পরিচালক (প্রকল্প), বার্ড।
৫। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা), বার্ড।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। অফিস কপি